ডঃ মানবেন্দ্র নাথ রায়, আই.এ.এস.,
প্রধান সচিব

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ,
জেসপ বিল্ডিং (১ম তল),
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১।

নং: **4942(36) / PN/P/II/1M-3/08** তারিখ: ১০.১২.২০০৮

প্রতি : সভাধিপতি, ..........................................................................(সকল)
জেলাশাসক, ..........................................................................(সকল)।

**বিষয় : ইন্দিরাগান্ধী জাতীয় বার্ধক্য প্রকল্পের অধীনে সনাক্তকৃত উপভোক্তাদের তালিকা পেশ ও উক্ত অবসরভাতা প্রদান।**

মহাশয়,

ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প উপভোক্তাদের তালিকা (পি.ডি.এফ. ফাইল-এ) পাঠানোর বিষয়ে এই দপ্তর থেকে প্রকাশিত নির্দেশিকার প্রতি আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। উক্ত নির্দেশিকায় আপনাদের ৩০.০৬.২০০৬ তারিখের মধ্যে ওই তালিকা পাঠাতে অনুরোধ করা হয়েছিল। বেশীর ভাগ গ্রাম পঞ্চায়েত বেশ কিছু পি.ডি.এফ. ফাইল পাওয়া গেলেও এখনও পর্যন্ত কয়েকটি জেলার বেশ কিছু গ্রাম পঞ্চায়েত / পৌরসভা যাতে খুব তাড়াতাড়ি পি.ডি.এফ. ফাইল পাঠিয়ে দেয় যে বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

একই সঙ্গে, যেসব গ্রাম পঞ্চায়েত থেকে ওই তালিকা ইতিমধ্যেই পাঠানো হয়েছে, সেইসব গ্রাম পঞ্চায়েত থেকে পুনঃসংশোধিত তালিকা পাঠানো হচ্ছে। এই সমস্ত পুনঃসংশোধিত তালিকা দ্রুত পরীক্ষা করে দেখা গেছে যে কিছু ক্ষেত্রে প্রচুর সংযোজন ও বিয়োজন ঘটেছে, যা এক কথায় দুর্বোধ্য। কাজেই যে গ্রাম পঞ্চায়েতগুলি ইতিমধ্যেই পি.ডি.এফ. ফাইলে উপভোক্তাদের তালিকা পাঠিয়েছে তারা যাতে পুনরায় সংশোধনের উদ্দেশ্যে ঐ তালিকা না পাঠায়তা দেখতে অনুরোধ করছি।

এখন থেকে উপভোক্তাদের অর্থ বন্টনের উদ্দেশ্যে যে পদ্ধতি গ্রহণ করা হবে তা নীচে দেওয়া হল:

১। শুধুমাত্র গ্রামীণ এলাকার উপভোক্তাদের দেয় অর্থ কমিশনার পঞ্চায়েতের মাধ্যমে জেলা পঞ্চায়েত আধিকারিকদের কাছে পাঠানো হবে, শহর (মিউনিসিপ্যাল) অঞ্চলের উপভোক্তাদের দেয় অর্থ রাজ্য নগর উন্নয়ন সংস্থা (SUDA) র মাধ্যমে বন্টন করা হবে। যে সমস্ত গ্রাম পঞ্চায়েত/ পৌরসভা (ULB) ইতিমধ্যে ৩১.০৮.২০০৮ তারিখ পর্যন্ত পি.ডি.এফ. ফাইলে ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পের অধীনে উপভোক্তা সনাক্ত করে তালিকা পেশ করেছে, ঐ গ্রাম পঞ্চায়েতগুলির/ পৌরসভার উপভোক্তাদের ক্ষেত্রে সেপ্টেম্বর ২০০৮ (অথবা যে মাস থেকে পেনশন দেওয়া হয়নি সেই মাস) তার পরবর্তী মাসগুলির জন্য আমাদের নথি অনুযায়ী পি.ডি.এফ. ফাইলে প্রদত্ত উপভোক্তা তালিকা অনুসারে তহবিল প্রদান করা হবে।

২। যে সমস্ত গ্রাম পঞ্চায়েত/ পৌরসভা এখনও পর্যন্ত ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পের অধীনে উপভোক্তা সনাক্ত করে পি.ডি.এফ. ফাইলে কোনও তালিকা পেশ করে নি, তাদের আগামী ৩১.১২.২০০৮ তারিখের মধ্যে অবশ্য উক্ত তালিকা জমা দিতে হবে, যাতে ওই উপভোক্তাদের জন্য নভেম্বর, ২০০৭ ও তার পরবর্তী মাসগুলির জন্য তহবিল প্রদান করা যায়।

৩। উপরিউক্ত তালিকাগুলি আগামী ১লা জানুয়ারী, ২০০৯ তারিখকে প্রাসঙ্গিক তারিখ ধরে সম্পূর্ণভাবে সংশোধন করা দরকার এবং সংশোধিত তালিকাগুলি আগামী ৩০শে জানুয়ারী ২০০৯ তারিখের মধ্যে পি.ডি.এফ. ফর্মে অবশ্যই পেশ করতে হবে। এই সংশোধন পর্যায়ে সুনিশ্চিত করতে হবে যে

(ক) শুধুমাত্র যাঁদের বয়স প্রাসঙ্গিক তারিখে ৬৫ বছর বা তার উপরে, তাঁদের নামই শুধু সংযোজিত হয়েছে;

(খ) কোনও একজন ব্যক্তির নাম যেন একাধিক স্থানে উল্লেখিত না হয় (বর্তমান উপভোক্তা বা নতুন করে সনাক্তকৃত কোন উপভোক্তা)

(গ) কোনও ব্যক্তি একাধিক অবসরভাতা প্রকল্পের উপভোক্তা হতে পারবেন না (সংশ্লিষ্ট প্রশাসনিক দপ্তর যাই হোক না)

কোনও ব্যক্তির নাম, মৃত্যুজনিত কারণে বা পুনরুল্লেখ ইত্যাদি কারণে উক্ত তালিকা থেকে কেটে দেওয়ার প্রয়োজন হলে, এবং এই তালিকায় বয়স বৃদ্ধি, বি.পি.এল. সংক্রান্ত অবস্থান পরিবর্তন ইত্যাদি কারণে সংযোজনের প্রয়োজন হলে ১লা জানুয়ারী, ২০০৯ তারিখকে প্রাসঙ্গিক তারিখ ধরে সযত্ন পরীক্ষার পর যাবতীয় সংযোজন/ বিয়োজন এই স্তরেই করতে হবে। বিয়োজন এবং পরিবর্তনের জন্য প্রত্যেক উপভোক্তার ক্ষেত্রে যথোপযুক্ত কারণ দর্শানোর সুযোগ দিয়ে বিয়োজন/ পরিবর্তন করা যাবে এবং যে কারণে বিয়োজন করা যাবে এবং যে কারণে বিয়োজন করা হয়েছে তা উক্ত তালিকায় উল্লেখ করতে হবে। ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পের তালিকায় অতিরিক্ত উপভোক্তাদের জন্য ১লা জানুয়ারী, ২০০৯ তারিখ থেকে অবসরভাতা প্রদান করা হবে।

আপনার বিশ্বস্ত

প্রধান সচিব।

**নং: 4942(36)/2 / PN/P/II/1M-3/08** তারিখ: ১০.১২.২০০৮

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হল: -

১) অধিকর্তা, রাজ্য নগর উন্নয়ন সংস্থা

২) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

প্রধান সচিব।